# নিধিরাম সর্দার ইউজিসি

**ছয় বছরেও আলোর মুখ দেখেনি উচ্চশিক্ষা কমিশন আইন**

**এম এইচ রবিন ●**

বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের অনিয়ম-দুর্নীতির লাগাম টেনে ধরতে পারছে না বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। উচ্চশিক্ষা কমিশন (এইচইসি) গঠন করার কথা থাকলেও আমলাতান্ত্রিক জটিলতার ফাঁদে পড়েছে এই কমিশন আইনের খসড়া। নির্বাহী ক্ষমতাহীন কমিশনের অবস্থা তাই 'ঢাল নেই তলোয়ার নেই নিধিরাম সর্দার'-এর মতো হয়ে পড়েছে।

সম্প্রতি এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করে বলেন, বিশ্বায়নের এই যুগে বিশ্ব দরবারে মাথা উঁচু করে দাঁড়াতে হলে মানসম্পন্ন ও সময়োপযোগী উচ্চশিক্ষার বিকল্প নেই। তিনি ইউজিসির সক্ষমতা বৃদ্ধি করে এটি আরও শক্তিশালী করার ওপর তাগিদ দেন। তার সেই তাগিদ এ পর্যন্ত বাস্তবায়ন হয়নি।

জানা গেছে, সরকারি বিশ্ববিদ্যালয়গুলো নিজস্ব আইনে পরিচালিত হয়। পাশাপাশি ইউজিসিও তদারকি করে। আর বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো পৃথক আইনে পরিচালিত হয়। উচ্চশিক্ষার এসব প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন, নিয়মশৃঙ্খলা বজায় রাখা, সর্বোপরি দুর্নীতি বন্ধে অভিভাবক হিসেবে ইউজিসি গঠিত হলেও নিজস্ব প্রায়োগিক ক্ষমতার অভাবে কার্যকর ভূমিকা রাখতে পারছে না প্রতিষ্ঠানটি। এ জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন পুনর্গঠন করে 'উচ্চশিক্ষা কমিশন' করার প্রস্তাব করা হয়েছিল। আইনের প্রাথমিক খসড়া অনুযায়ী, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণ, শিক্ষার চাহিদা নিরূপণ, পরিকল্পনা প্রণয়ন ও নীতি-নির্ধারণে সক্ষম হবে এই কমিশন। খসড়ায় আরও উল্লেখ করা হয়েছিল– কমিশন থাকবে প্রধানমন্ত্রীর দপ্তরাধীন। কমিশনের চেয়ারম্যান পাবেন পূর্ণ মন্ত্রীর মর্যাদা। কিন্তু নতুন কমিশন ■ **এরপর পৃষ্ঠা ১১, কলাম ৭**

নতুন ধারার দৈনিক আমাদেরসময় (http://epaper.dainikamadershomoy.com)